# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪

১৮ মার্চ ২০২৪
তারিখ: ----------------
০৪ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**<u>সুপারভিশন চার্জ আরোপ ও আদায় প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে</u>**

ঋণের সুদ হার নির্ধারণ প্রসঙ্গে ১৯ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সিএমএসএমই খাত ও ভোক্তা ঋণের প্রশাসনিক ব্যয় শিল্প ও অন্যান্য ঋণের তুলনায় অপেক্ষাকৃত অধিক হওয়ায় উল্লিখিত খাতে ব্যাংকসমূহকে ঋণ প্রদানে আগ্রহী করার লক্ষ্যে সূত্রোক্ত সার্কুলারের ১(ঘ) অনুচ্ছেদের মাধ্যমে, সিএমএসএমই (CMSME) ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন পারসোনাল ঋণ (Personal loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto loan) এর ক্ষেত্রে সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা যাবে এবং বার্ষিক (Yearly) ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোনো চার্জ বা সুদ আরোপ করা যাবে না মর্মেও নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি এ কার্যালয় এ মর্মে অবহিত হয়েছে যে, বিভিন্ন ব্যাংক ভিন্ন ভিন্ন পদ্ধতি অবলম্বনপূর্বক সুপারভিশন চার্জ হিসাবায়ন করার কারণে ক্ষেত্রমতে গ্রাহক হতে অধিক পরিমাণ সুপারভিশন চার্জ আদায় করা হচ্ছে।

৩. এক্ষণে, সুপারভিশন চার্জ আদায়ের অভিন্ন পদ্ধতি অনুসরণ এবং গ্রাহক কর্তৃক যথাযথ পরিমাণে ও সহজ পদ্ধতিতে সুপারভিশন চার্জ পরিশোধের সুবিধার্থে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) মেয়াদী ঋণের সুপারভিশন চার্জ আরোপের ক্ষেত্রে মূল ঋণের গড় স্থিতিকে (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক পরিশোধসূচি অনুযায়ী) ভিত্তি হিসেবে গণ্য করত সুপারভিশন চার্জ হিসাবায়ন করতে হবে;

(খ) চলমান ঋণের ক্ষেত্রে মূল ঋণের দৈনিক গড় স্থিতি (Daily Average Outstanding) কে ভিত্তি হিসেবে গণ্য করত সুপারভিশন চার্জ হিসাবায়ন করতে হবে;

(গ) সুপারভিশন চার্জের উপর কোনো ধরনের জরিমানা অথবা সুদ আরোপ করা যাবে না।

৪. ঋণ গ্রহীতাদের জন্য সুপারভিশন চার্জ পরিশোধের পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মেয়াদী ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণের পরিশোধসূচির সাথে সামঞ্জস্য রেখে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে এ চার্জ আদায়যোগ্য হবে। চলমান ঋণের ক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আদায়ের সময় প্রাপ্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে। এতদ্ব্যতীত, তলবী ঋণের ক্ষেত্রে মেয়াদান্তে পরিশোধের সময় এককালীন আদায় করা যাবে অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে মেয়াদের মধ্যে একাধিক কিস্তিতে আদায়যোগ্য হবে।

৫. মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে সুপারভিশন চার্জ আদায় করা হলে, অনুচ্ছেদ নং-৩ এর নির্দেশনা পরিপালনার্থে বছরান্তে প্রাপ্ত গড় স্থিতির হিসাবায়নের ভিত্তিতে সুপারভিশন চার্জ সমন্বয় করতে হবে। ঋণের মেয়াদপূর্তির পূর্বে মধ্যবর্তী সময়ে কোনো ঋণ আদায়/সমন্বয় করার ক্ষেত্রে আনুপাতিক হারে উক্ত সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায়যোগ্য হবে।

চলমান পাতা/২

(পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে)

৬. বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ কার্যকরের পূর্ববর্তী সময়ের জন্য কোনো সুপারভিশন চার্জ আরোপ করা যাবে না। কোনো ঋণ গ্রহীতার নিকট হতে অতিরিক্ত সুপারভিশন চার্জ আদায় করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

৭. ইসলামি শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণকরত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৮. এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৯. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

১০. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

Siddiqui

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২